# আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট,মৌলভীবাজার এর সংক্ষিপ্ত পরিচিতি।

## ১.০০: সূচনা

মানব সম্পদ উন্নয়নের একমাত্র উপায় প্রশিক্ষণ, তাই আর্থ সামাজিক উন্নয়ন ,দারিদ্র বিমোচন,বেকারত্ব দূরীকরনে কর্ম সংস্থান সৃষ্টিতে তৃনমূল পর্যায়ে গণতান্ত্রিক চর্চা ও নেতৃত্বের বিকাশ সাধনে সমবায়ের বিকল্প নেই। দারিদ্র বিমোচন ও অর্থনৈতিক উন্নয়নে বিশ্বব্যাপি একটি পরীক্ষিত স্বীকৃত মাধ্যম হচ্ছে সমবায়। বর্তমানে অর্থনীতির প্রায় সকল শাখায় সমবায় তার কার্যক্রম বিস্তৃত করেছে । সরকারের নির্বাচনী অঙ্গীকার ও রুপকল্প বাস্তবায়নে সমবায় একটি গুরুত্বর্পূণ ভূমিকা রাখতে পারে । বিশেষ করে আর্থিক ও সেবা খাতে নতুন নতুন কার্যক্রম গ্রহণ বিদ্যমান কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও সময়োপযোগী করণের মাধ্যমে অত্র ইন্সটিটিউট ''রুপকল্প ২০৪১'' এর বেশ কিছু মৌলিক লক্ষ্য অর্জনে আবদান রেখে আসছে । বিভিন্ন বিষয় ভিত্তিক এবং ট্রেড ও পেশা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যম কর্মসংস্থানের সযোগ সৃষ্টি ,অনগ্রসর ও ও পশচদপদ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন এবং মানব সম্পদ উন্নয়নে বিশেষতঃ নারী উন্নয়নে আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট ভবিষৎতে আর ও গুরুত্বপূর্ন ভূমিকা রাখতে পারে ।

## ২.০০: প্রতিষ্ঠার ইতিহাস

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজার, প্রশিক্ষণ প্রতিষ্ঠানটি ১৯৬৬ সালে ভাড়া বাড়ীতে প্রথম কার্যক্রম শুরু করে। সরকারের নিজস্ব অর্থায়নে একটি উন্নয়ন প্রকল্পের আওতায় ২০০২ সালে নতুন উদ্যমে বর্তমান ঠিকানায় (গোমড়া, মৌলভীবাজার শহর থেকে ৫ কি: মি: দক্ষিণে ঢাকা সিলেট মহাসড়কে নতুন জেলখানার বিপরীতে) ১.৫০ একর জমির উপর অবস্থিত নিজস্ব ভবনে কার্যক্রম শুরু হয়। বিগত ১৩/০৪/২০০২ খ্রি: তারিখে প্রাক্তন অর্থমন্ত্রী কর্তৃক বর্তমান প্রশিক্ষণ ইনস্টিটিউটের উদ্বোধন করা হয়। শুরু থেকেই ইনস্টিটিউটটি ইহার অধিভূক্ত কর্ম এলাকার ০৫টি জেলায় সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনা, আয়বর্ধকমূলক (আই.জি.এ.) প্রশিক্ষণ, সমবায় অধিদপ্তরের কর্মচারীদের দক্ষ সরকারী কর্মী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে পেশাগত প্রশিক্ষণসহ সরকারের বিভিন্ন প্রকল্পের নির্ধারিত প্রশিক্ষণ দিয়ে আসছে। ইনস্টিটিউটটি বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লার প্রশাসনিক নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করে থাকে ।

## ৩.০০: অবকাঠামো

ইন্সটিটিউটের ০১টি দ্বিতল প্রশাসনিক ভবন , ০১টি দ্বি-তল হোস্টেল ভবন এবং অধ্যক্ষের একটি ০৩ কক্ষ বিশিষ্ট ১ তলা বাসভবন আছে । প্রশাসনিক ভবনে ০৩টি ক্লাশ রুম, ০১টি গ্রন্থাগার আছে এবং হোস্টেল ভবনে দুইটি ভিআইপি কক্ষ ও ৫০ জন প্রশিক্ষণার্থী থাকার ব্যবস্থা আছে। অধ্যক্ষের বাসভবনটি ৮০০ বর্গফুটের । বর্তমান অধ্যক্ষের বেতন স্কেলের প্রাপ্যতার তুলনায় বাসাটি ৪৫০ বর্গফুট কম। অধ্যক্ষের বাসভবনটি স্থানীয় গণপূর্ত বিভাগের মতামত অনুযায়ী বসবাসের অযোগ্য হয়ে পড়েছে। স্থানীয় গণপূর্ত বিভাগ কর্তৃক বাসাটিকে ডরমেটরীতে রুপান্তর করে প্রাধিকার অনুযায়ী নতুন বাসভবন নির্মাণ , প্রশাসনিক ভবন এবং হোস্টেল ভবনের সম্প্রসারণ সংক্রান্ত প্রাক্কলন সমবায় অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে ।

## ৪.০০: কার্য এলাকা

এ ইন্সটিটিউটের অধিভূক্ত কর্ম এলাকার জেলাগুলো হলো সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ এবং ব্রাহ্মণবাড়িয়া সমবায়ী নেতৃবৃন্দের অংশগ্রহণে সমবায় ব্যবস্থাপনা, সমিতির হিসাব সংরক্ষণ এবং আয় বর্ধকমূলক টেইলারিং, মৌ- চাষ , খরগোশ পালন , গাভী পালন ইত্যাদি বিষয়ে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এ ছাড়াও উক্ত জেলা সমূহের সমবায় বিভাগের সহকারী পরিদর্শক/সহকারী প্রশিক্ষকগণের উন্নত পেশাগত দক্ষতা অর্জনের লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণ কোর্স এবং সমবায় অডিটিং প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়ে থাকে। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের মৌলিক প্রশিক্ষণ (বিশেষ) কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ আবাসিক।